**নিদর্শ - ৮ক**

**[নিয়ম -১৩(৪) ও -২৬ দ্রষ্টব্য]**

## নির্বাচক তালিকায় নামের স্থানান্তরকরণের জন্য আবেদনপত্র

সম্প্রতি তোলা সম্পূর্ণ মুখমণ্ডলের পাসপোর্ট - সাইজ (৩.৫ সে.মি. X ৩.৫ সে.মি.) ফোটোগ্রাফ লাগানোর জায়গা

...................................................... বিধানসভা নির্বাচনক্ষেত্রের

নির্বাচক নিবন্ধন আধিকারিক সমীপে

মহাশয়/ মহাশয়া,

উল্লিখিত বিধানসভা নির্বাচনক্ষেত্রের নির্বাচক তালিকায় *আমার / *নিম্নোক্ত ব্যক্তির নাম এই নির্বাচনক্ষেত্রের সংশ্লিষ্ট অংশে স্থানান্তরিত করা হোক। স্থানান্তরকরণযোগ্য লিখনের বিবরণ নীচে দেওয়া হল:

| | | | |
|---|---|---|---|
| **১। যাঁর নাম স্থানান্তরিত করতে হবে তাঁর বৃত্তান্ত:** | নাম | | পদবি (থাকলে) |
| | | | |
| | নির্বাচক তালিকায় যে-অংশে তাঁর নাম আছে তাঁর নং: | উক্ত অংশে নামের ক্রমিক নং: | নির্বাচকের সচিত্র-পরিচয়পত্র থাকলে তার নং: |
| * পিতার/মাতার/স্বামীর নাম | নাম | | পদবি (থাকলে) |
| | | | |
| **২। বর্তমানে সাধারণ ভাবে বসবাসের স্থানের বিবরণ (পুরো ঠিকানা):** | | | |
| বাড়ির নং: | | | |
| রাস্তা / এলাকা / পাড়া: | | | |
| শহর / গ্রাম: | | | |
| ডাকঘর: | | পিন কোড: | |
| থানা: | | | |
| জেলা: | | | |
| **৩। আবেদন জানানোর তারিখ পর্যন্ত উপরের ঠিকানায় একটানা বসবাসের সময়** | বছর: | মাস: | |
| **৪। যে-অংশে উক্ত নাম স্থানান্তরিত করতে হবে (জানা থাকলে):** | | | |
| **@৫। আবেদনকারীর বৃত্তান্ত** | নাম | | পদবি (থাকলে) |
| | | | |
| | নির্বাচক তালিকায় যে-অংশে তাঁর নাম আছে তাঁর নং: | উক্ত অংশে নামের ক্রমিক নং: | নির্বাচকের সচিত্র-পরিচয়পত্র দেওয়া হলে তার নং: |

**দ্রষ্টব্য: কোনও ব্যক্তি যদি এমন কোনও বিবৃতি দেন বা ঘোষণা করেন যা মিথ্যা, বা যা তিনি মিথ্যা বলে জানেন বা বিশ্বাস করেন, অথবা সত্য বলে বিশ্বাস করেন না, তা হলে তিনি ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ধারা-৩১ মতে দণ্ডনীয় হবেন (১৯৫০ সালের ৪৩ নম্বর)।**

* অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন ।

@ যেক্ষেত্রে আবেদনকারী নিজের নাম স্থানান্তরিত করতে চান সেক্ষেত্রে অংশ-৫ অপ্রয়োজনীয়।

**৬। ঘোষণা:**

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, উল্লিখিত তথ্য ও বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সর্বাংশে সত্য।

স্থান:

আপনার মোবাইল ফোন নম্বর/ই-মেল আইডি থাকলে
অনুগ্রহ করে এখানে লিখে দিন (ইচ্ছাধীন)

তারিখ: আবেদনকারীর সই বা টিপসই

**গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিবরণ**
**(সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিককে পূরণ করতে হবে)**

নির্বাচক তালিকায় শ্রী / শ্রীমতী / কুমারী ............................................................................ -র/এর নাম স্থানান্তরিত করার জন্য শ্রী / শ্রীমতী / কুমারী .....................................................-র /এর নিদর্শ-৮ক-এ প্রদত্ত আবেদন গ্রহণ*/ খারিজ* করা হল।
[২৬(৪)* নম্বর নিয়ম মোতাবেক] *গ্রহণ/ *খারিজের যেসব কারণ দর্শানো হয়েছে সেসবের বিশদ বিবরণ:

স্থান:

তারিখ:

নির্বাচক নিবন্ধন আধিকারিকের স্বাক্ষর (নির্বাচক নিবন্ধন আধিকারিকের শিলমোহর)

* অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন।

---

**ফিল্ডলেভেল অফিসার (যেমন - বিএলও, ডেজিগনেটেড অফিসার, সুপারভাইজরি অফিসার)-এর মন্তব্য**

[নিদর্শ-৮ক পরবর্তী অংশ.......]

[এই পৃষ্ঠাটি যথেষ্ট পুরু হতে হবে যাতে ডাকপথে পৃষ্ঠাটি ছিঁড়ে না যায়/ক্ষতিগ্রস্ত না হয়]

| গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবগতিপত্র |
|---|
| এই পৃষ্ঠায় দ্বিতীয় অংশটি সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিককে পূরণ করতে হবে এবং প্রথম অংশে উল্লিখিত আবেদনকারীর দেওয়া ঠিকানায় পাঠাতে হবে। |

.................................................................... প্রথম ভাঁজ ....................................................................................

প্রথম অংশ

| পাঠানোর সময় নির্বাচক নিবন্ধন আধিকারিককে ডাকমাশুল স্ট্যাম্প লাগাতে হবে। |
|---|

নিদর্শ-৮ক-এ প্রদত্ত............

** শ্রী / শ্রীমতী / কুমারী ______________________________________________-র /এর আবেদনপত্রটি

| **(পুরো ঠিকানা): | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| বাড়ির নং: | | | | | | | |
| রাস্তা / এলাকা / পাড়া: | | | | | | | |
| শহর / গ্রাম: | | | | | | | |
| ডাকঘর: | পিন কোড: | | | | | | |
| থানা: | | | | | | | |
| জেলা: | | | | | | | |

**আবেদনকারীকে পূরণ করতে হবে।

.................................................................... দ্বিতীয় ভাঁজ ....................................................................................

দ্বিতীয় অংশ

ক) গ্রহণ করা হল এবং শ্রী / শ্রীমতী / কুমারী ________________________________-র /এর নাম ________ নং বিধানসভা কেন্দ্রের ________ নং অংশ থেকে বাদ দেওয়া হল এবং ________ নং অংশের ______ ক্রমিক নম্বরে স্থানান্তর করা হল।

খ) ________________________________________________________________________

________________________________________________________________________

______________________ কারণে খারিজ করা হল।

তারিখ: ____________

নির্বাচক নিবন্ধন আধিকারিক

ঠিকানা ____________

______________

______________

............................................................ আলাদা করার জন্য অনুক্রমিক ছিদ্র..................................................................

**আবেদনপত্রের প্রাপ্তিস্বীকার**

নিদর্শ-৮ক-এ প্রদত্ত ** শ্রী / শ্রীমতী / কুমারী ______________________________-র /এর আবেদনপত্রটির প্রাপ্তিস্বীকার করা হল।

** ঠিকানা ....................................................................

তারিখ: ____________

নির্বাচক নিবন্ধন আধিকারিকের পক্ষে আবেদনপত্র গ্রহণকারী আধিকারিকের স্বাক্ষর

ঠিকানা ____________

______________

** আবেদনকারীকে পূরণ করতে হবে।

# আবেদন জানানোর জন্য নিদর্শ-৮ক (ফর্ম-৮ক) কী ভাবে পূরণ করতে হবে সেই সংক্রান্ত নির্দেশিকা

সাধারণ নির্দেশাবলি

## কে নিদর্শ-৮ক (ফর্ম-৮ক)-এ আবেদন জানাতে পারেন ?

১। কোনও ব্যক্তি যাঁর নাম বর্তমান ভোটার তালিকায় আছে তিনি সংশ্লিষ্ট বিধানসভা নির্বাচনক্ষেত্রের মধ্যে ভিন্ন জায়গায় নামের স্থানান্তরকরণের জন্য আবেদনপত্র জমা দিতে পারেন।

## কখন নিদর্শ-৮ক (ফর্ম-৮ক)-এ আবেদন জানানো যাবে ?

১। বিধানসভা নির্বাচনক্ষেত্রে খসড়া নির্বাচক তালিকা প্রকাশের দিন থেকে নির্দিষ্ট সূচী অনুযায়ী দরখাস্ত করতে পারেন। যখনই কোন নির্বাচক তালিকার সংশোধনের ঘোষণা হয় তখনই সে বিষয়ে প্রচার করা হয়। প্রচার মাধ্যমের এই ঘোষণার জন্য লক্ষ্য রাখুন। এই নির্দিষ্ট দিনগুলিতে এলাকার ভোটগ্রহণ কেন্দ্রে এক কপি (নিদর্শ-৮ক) জমা দিতে হয়।

২। সংশোধনের প্রক্রিয়া যখন চালু না থাকে তখনও অর্থাৎ নির্দিষ্ট সূচী ব্যতিরেকে অন্য সময়ও সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিক (ই আর ও)-এর কাছে ২ কপি দরখাস্ত (নিদর্শ-৮ক) জমা দিয়ে আবেদন করা যায়।

## কোথায় নিদর্শ-৮ক (ফর্ম-৮ক)-এ আবেদন জানানো যাবে ?

১। যখন সংশোধনের প্রক্রিয়া ঘোষিত হয় সেই সূচী অনুযায়ী ঘোষিত স্থান বা ডেজিগনেটেড লোকেশন (যা সাধারণভাবে ভোট গ্রহণ কেন্দ্র হয়ে থাকে) যেখানে খসড়া নির্বাচক তালিকা প্রকাশিত হয়েছে।

২। সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিক বা সহকারী নির্বাচক নিবন্ধন আধিকারিকের কাছে সরাসরি।

৩। অন্য সময়ে অর্থাৎ যখন কোন সংশোধনের সূচী ঘোষিত হয়নি তেমন সময়ে সরাসরি কেবলমাত্র নির্বাচন নিবন্ধন আধিকারিক বা ই আর ও-র কাছে।

## কী ভাবে নিদর্শ-৮ক (ফর্ম-৮ক) পূরণ করতে হবে ?

১। যে-বিধানসভা নির্বাচনক্ষেত্রের মধ্যে নাম স্থানান্তরিত করতে হবে সেই নির্বাচনক্ষেত্রের নির্বাচক নিবন্ধন আধিকারিকের কাছে আবেদন জানাতে হবে। ফাঁকা জায়গাটিতে নির্বাচনক্ষেত্রের নাম লিখতে হবে।

২। বিধানসভা নির্বাচনক্ষেত্রের ভোটার তালিকার যে-অংশে ও যে-ক্রমিক নম্বরে নাম আছে, আবেদনপত্রের অংশ-১-এর নির্দিষ্ট স্থানে সেই অংশ নং ও ক্রমিক নং পূরণ করুন। এ ছাড়া, সচিত্র-ভোটার কার্ডের নম্বরটি পুরো লিখুন এবং সম্পর্কিত ব্যক্তির নামও (ভোটার তালিকায় ছাপা আছে) লিখুন।

৩। সংশ্লিষ্ট ব্যক্তি বিধানসভা নির্বাচনক্ষেত্রের মধ্যে যে-নতুন জায়গায় সাধারণ ভাবে বসবাসের স্থান পরিবর্তন করেছেন, আপনি অনুগ্রহ করে আবেদনপত্রের অংশ-২-এর নির্দিষ্ট স্থানে ওই নতুন জায়গার পুরো ঠিকানাটি লিখুন। পুরো ঠিকানা লিখবেন এই কারণে যে, ঠিকানা অসম্পূর্ণ হলে নামের স্থানান্তরকরণের প্রয়োজনে নতুন ঠিকানার সঙ্গে ভোটার তালিকার সংশ্লিষ্ট অংশ মেলানো সম্ভবপর না-ও হতে পারে।

৪। আবেদনপত্রের অংশ-৩-এ আবেদন জানানোর তারিখ পর্যন্ত অংশ-২-এ উল্লিখিত ঠিকানায় একটানা বসবাসের সময়কাল উল্লেখ করুন।

৫। নতুন যে-জায়গায় স্থানান্তরিত হয়েছেন সেখানকার বাসিন্দাদের নাম ভোটার তালিকার যে-অংশে আছে সেই অংশ-নং আবেদনপত্রের অংশ-৪-এ লিখতে হবে। জানা থাকলে লিখুন। আর জানা না-থাকলে জায়গাটি ফাঁকা রেখে দিন।

৬। যেক্ষেত্রে আবেদনকারী নিজের নাম স্থানান্তরিত করতে চান, সেক্ষেত্রে অংশ-৫ পূরণ করাটা অপ্রয়োজনীয়। আবেদনকারী অপর কোনও ব্যক্তির নামের স্থানান্তরকরণের জন্য আবেদন জানালে তবেই এই অংশটি পূরণ করতে হবে।

আবেদনপত্রের প্রাপ্তিস্বীকার ও গৃহীত ব্যবস্থা সম্পর্কে জ্ঞাপন অংশে আপনার নামও সম্পূর্ণ ঠিকানা লিখুন। সই-এর আগে আপনার মোবাইল নম্বরটি লিখে নির্বাচন কর্তৃপক্ষের পক্ষে আপনার সঙ্গে যোগাযোগ করা সহজ হবে।